গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www. bnfe. gov. bd.

বিষয় : **উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৫ এর তথ্য হালনাগাদকরণ সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ মোশাররফ হোসেন, উপ-পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), উশিব্যু।
স্থান : উপ-পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন) এর অফিস কক্ষ।
তারিখ : ১৪.০৯.২০২০ খ্রি :
সময় : সকাল ১০.৩০ মি.
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব, লাইব্রেরিয়ান, উশিব্যু এর অনুপস্থিতিতে (covid-19 +ve) কমিটি'র সদস্য সহকারী পরিচালক (প্রশাসন) তথ্য হালনাগাদকরণ সংক্রান্ত গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | সহকারী পরিচালক (প্রশাসন) জানান, তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষের নাম পদবী ওয়েব সাইটে দেওয়ার জন্য ব্যুরোর এমআইএস শাখায় পত্র দেওয়ার প্রেক্ষিতে ওয়েব সাইটে দেওয়া হয়েছে। বিষয়টি তথ্য কমিশনকে জানানো হয়েছে। | বিষয়টি তথ্য কমিশনকে জানানো হয়েছে বিধায় এ বিষয়ে আর কিছু করণীয় নেই। | |
| ০২. | ২.১ সহকারী পরিচালক (প্রশাসন) জানান, বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা জেলা কার্যালয়ে বদলী হয়ে যাওয়ায় তদস্থলে জনাব মোঃ দেলোয়ার হোসেন, সহকারী পরিচালক(মনিটরিং), উশিব্যু-কে বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা মনোনয়ন করা হয়েছে। এ বিষয়টি উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র নীচ তলায় স্থাপিত নোটিশ বোর্ডে স্থাপনসহ তথ্য কমিশনকে অবহিত করা করা হয়েছে। | এ বিষয়ে যথাযথ কার্যক্রম গৃহীত হয়েছে বিধায় এ বিষয়ে আর কিছু করণীয় নেই। | |
| | ২.২ বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তাদের কক্ষসহ অন্যান্য বিষয় মিটানোর জন্য অর্থ ও লজিস্টিকস্ শাখায় রিকুইজিশন দেয়া হয়েছে। | যোগাযোগ রক্ষা করবেন। | ১। তথ্য প্রদানকারী কর্মকর্তা, উশিব্যু।<br>২। বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা, উশিব্যু। |
| ০৩. | **৩.১ তথ্য প্রদানকারী কর্মকর্তার অফিস ল্যান্ড ফোন সেট করা সংক্রান্ত:**<br>সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু জানান যে, ৯ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের ল্যান্ড ফোনের প্রাধিকার রয়েছে। এ মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিটিসিএল হতে নতুন ৩টি ল্যান্ড ফোন সংযোগ পাওয়া গিয়েছে। পরবর্তীতে আরও ৩টি সংযোগ পাওয়া গেলে তথ্য প্রদানকারী কর্মকর্তাকে সংযোগ দেয়া হবে। | ১। ব্যুরোর ৯ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের ল্যান্ড ফোন প্রদানের বিষয়টি তরান্বিত করার জন্য সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু-কে অনুরোধ করা হয়। | ১। সহকারী পরিচালক (প্রশাসন), উশিব্যু।<br>২। তথ্য প্রদানকারী কর্মকর্তা, উশিব্যু।<br>৩। বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা, উশিব্যু। |
| | ৩.২ সহকারী পরিচালক (প্রশাসন) জানান, ব্যুরোর ইন-হাউজ প্রশিক্ষণে ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীদের তথ্য অধিকার আইন, ২০০৯ ও ২০১৫ বিষয়টি অবহিতকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জানান, কর্মকর্তাদের ১ম ব্যাচে তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পরবর্তীতে কর্মচারীদের প্রশিক্ষণে এ বিষয়টি অন্তর্ভুক্ত থাকবে। | ১। সহকারী পরিচালক(প্রশিক্ষণ), উশিব্যু<br>২। তথ্য প্রদানকারী কর্মকর্তা, উশিব্যু। |
| | ৩.৩ সহকারী পরিচালক (প্রশাসন) জানান, গত সভার সিদ্ধান্ত মোতাবেক ব্যুরোর নীচ তলার নোটিশ বোর্ডে তথ্য কমিশন এর কর্মকর্তাদের হালনাগাদ নামের তালিকা দেয়া হয়েছে। | তথ্য কমিশনের কর্মকর্তাদের হালনাগাদ নামের তালিকা নোটিশ বোর্ডে স্থাপন করায় এ বিষয়ে আর কিছু করণীয় নেই। | |

| ক্রমিক | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| | ৩.৪ সভাপতি বলেন, তথ্য অধিকার আইন প্রকাশের বিষয়টি ব্যুরোর ওয়েব সাইটের সাথে সম্পর্কিত বিধায় সিস্টেম এনালিস্ট, উশিব্যুকে সভায় উপস্থিত থাকা প্রয়োজন। | সিস্টেম এনালিস্ট, উশিব্যুকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অবজার্ভার সদস্য হিসেবে কো-অপট করা হলো। | ১। সিস্টেম এনালিস্ট, উশিব্যু<br>২। তথ্য প্রদানকারী কর্মকর্তা, উশিব্যু। |
| ০৪. | ৪.১ সহকারী পরিচালক (প্রশাসন) জানান, ০৩ মাস অন্তর অন্তর স্বপ্রণোদিত তথ্যের তালিকা হাল নাগাদ করে ওয়েব সাইটে প্রকাশ করার বিধান রয়েছে। | তালিকাটি হাল নাগাদ করা হয়েছে। হাল নাগাদকৃত তালিকাটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশিত হবে। | ১। সিস্টেম এনালিস্ট, উশিব্যু<br>২। তথ্য প্রদানকারী কর্মকর্তা, উশিব্যু। |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪.০৯.২০২০

মোঃ মোশাররফ হোসেন
উপ-পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)
ও
আহবায়ক
তথ্য হালনাগাদকরণ কমিটি

স্মারক নং- ৩৮.৩০৭.০২২.০২.০০.০৬১(২).২০০৯-২৭

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৭ বঃ / ১৪ সেপ্টেম্বর ২০২০খ্রিঃ

বিতরণ :

০১। সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ ও লজিঃ/পরিকল্পনা/বাস্তবায়ন/প্রশিক্ষণ/মনিটরিং), উশিব্যু।
০২। তথ্য প্রদানকারী কর্মকর্তা/ বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা, উশিব্যু।
০৩। অফিস কপি।

সদয় জ্ঞাতার্থে :

১। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা ও মনিটরিং), উশিব্যু, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, উশিব্যু, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। উপ-পরিচালক (বাস্তবায়ন), উশিব্যু, ঢাকা।